Date of Publication : 1st June, 2012 *Price : Rs. 2*

VOL-2, Issue 3 *Postal Registration No. : KOL RMS/42/2010-2012*
*For circulation to Subscribers only* RNI No.-WBBIL/2011/38613

# ব্রাহ্ম সম্মিলন বার্তা

## ব্রাহ্ম সম্মিলন সমাজ

১-এ, ডাঃ রাজেন্দ্র রোড, কলকাতা-৭০০ ০২০

**Brahmo Sammilan Barta ❑ Brahmo Sammilan Samaj**

দ্বিতীয় বর্ষ ঃ তৃতীয় সংখ্যা জুন ২০১২ জ্যৈষ্ঠ-আষাঢ় ১৪১৯

—ঃ সূচীপত্র ঃ—

এ মাসের নিবেদন ঃ — ১
রামানন্দ চট্টোপাধ্যায় — ২
স্মরণিকা — ৩
সাপ্তাহিক উপাসনা ও স্মরণ — ৩
২০১২ জুলাই মাসের সাপ্তাহিক
উপাসনার আংশিক কার্যসূচী — ৪
শোক সংবাদ — ৪
পারিবারিক ও অন্যান্য অনুষ্ঠান — ৪
কৃতজ্ঞতা স্বীকার — ৫
List of Donations — ৬

**সমাজ কার্যালয়ে যোগাযোগের সময় ঃ**
প্রতিদিন সন্ধ্যা ৬-৩০টা থেকে ৮-৩০টা
Telephone No. (033) 6450-0915
email :sammilanbarta@gmail.com

## এ মাসের নিবেদন

উনবিংশ শতাব্দীর নবজাগরণের প্রাক্কালে এদেশে সত্যের মুখ ছিল আবৃত অন্ধকার দিয়ে। আজ একবিংশ শতাব্দীতেও সত্যের মুখ হিরণ্ময় পাত্র দিয়ে আবৃত। সেই আবরণের ঔজ্জ্বল্য এত তীব্র যে চোখ ধাঁধিয়ে যায়, মনে হয় এই বুঝি সত্য। এই আলোর আড়ালে বিদ্যার অন্ধ-তমঃ তবে কি ঘুচবে না? বেদের ঋষি আশ্বাস দিয়েছিলেন — যে দিন যে উষা চলে গেছে সে আবার ফিরে আসবে নবতর পূর্ণতর মহিমায় — "What now we see is a shadow of what must be" (Aurobinda)- "বর্তমান ছায়ামাত্র অবশ্যম্ভাবীর"।

সারা ভারত জুড়ে রাজনীতিতে, অর্থনীতিতে, কাব্যে, সাহিত্যে, শিল্পে, দর্শনে, বিজ্ঞানে, ভাষাতত্ত্বে, নৃতত্ত্বে, প্রত্নতত্ত্বে, অপরাবিদ্যায়, পরাবিদ্যায় সেই সব দিক্‌পালদের আবির্ভাব হবে, যাঁরা এই চোখ ধাঁধানো আলো-আবরণ ঘুচিয়ে তাকে সত্যের আভরণ করে তুলবেন। মানুষের মন সত্যের প্রতি, কল্যাণের প্রতি, আনন্দের প্রতি আবর্তন করবে, ঘুরে দাঁড়াবে। এই পরা অপরায়, অভ্যুদয়ে নিঃশ্রেয়সে, ঋদ্ধিতে সিদ্ধিতে, ধর্মে অর্থে, কামে মোক্ষে যতদিন না পরিপূর্ণভাবে মিলন হচ্ছে, ততদিন মানুষের সভ্যতা অর্থহীন। শক্তিমান স্বার্থপরদের সমাজ-শাসন-যন্ত্রে প্রতিমুহূর্তে নিষ্পিষ্ট হবে কল্যাণকামী উদারহৃদয় অগণিত ঋজু মানুষ। এর সম্ভাবনাটুকু পর্যন্ত যতদিন আছে, ততদিন পৃথিবীতে কোথাও কোন স্থায়ী শান্তি, কল্যাণ ও আনন্দের নীড় গড়ে ওঠার আশা রাখা যায় না। ততদিন একনীড় বিশ্বের স্বপ্ন শুধু একটি বলিষ্ঠ কাঙ্খিত, প্রিয়স্বপ্নমাত্র — যার স্থান শুধু বিশ্ব প্রেমিকের হৃদয়ে, উপলব্ধিতে আর দিব্যদর্শনে।

বৈদিক ঋষিরা এই কারণেই সবসময় দুটি জিনিস চাইতেন ব্রহ্ম আর ক্ষত্র। জ্ঞানের বল আর শারীরিক বল। বৃহতের চেতনা, ভূমার বোধ, আর সেই সঙ্গে ভূমার বিরোধী অপশক্তি, সঙ্কীর্ণ অপ্রেমের সঙ্গে যুদ্ধ করার ক্ষমতা, বীর্য, শক্তি। শক্তিহীন নিস্তেজ আধ্যাত্মিকতাকে তাঁরা কখনও প্রশ্রয় দেননি। তাঁদের

আধ্যাত্মিকতা সবসময় বলিষ্ঠ, বীর্যবান, সতেজ, সক্রিয়, সংযত — অথচ দুরন্ত তুরঙ্গের মত উদ্দাম। সে - চেতনা প্রতি মুহূর্তে সংকোচ অনুদারতা অশিব অসুন্দর অনৃত যা অমৃত নয় তার সঙ্গে যুদ্ধ করে চলেছে। এ এক আশ্চর্য সংগ্রাম — অদ্বৈতে আত্মায় স্বধায় সর্বং-খল্বিদং-ব্রহ্মে প্রতিষ্ঠিত থেকে আত্মারই অচেতন অবচেতন অংশের সঙ্গে নিরন্তর সংগ্রাম তাকে সচেতন করার উদ্দেশ্যে।

এই প্রার্থনা করি — জন্ম নিক আত্মদানের প্রবৃত্তি, এষণা অর্থাৎ এক নিরন্তর অনুসন্ধান আর উর্জ অর্থাৎ আত্মরূপান্তরের তীব্র সঙ্কল্প এবং বীর্য। এই চেতনা এই বীর্য ছড়িয়ে যাক বহুজনের মধ্যে; আস্তে আস্তে সবার অলক্ষ্যে গড়ে উঠতে থাকুক দিব্যপার্থিব ধনে ধনবতী অন্য এক পৃথিবী। রবীন্দ্রনাথের প্রার্থনার সুরে সুর মিলিয়ে বলি — এ যুগ, সমস্ত মানুষে মানুষে কাঁধে কাঁধ মিলিয়ে, হাতে হাত ধরে যাত্রা করবার যুগ। হে অনন্তশক্তি, তুমি অক্ষমকে সক্ষম কর, অচলকে সচল কর, অসম্ভবকে সম্ভব কর এবং মোহমুগ্ধকে তুমি যখন উদ্‌বোধিত কর তখন তার দৃষ্টির সম্মুখে তুমি যে কোন্ অমৃতলোকের তোরণ-দ্বার উদ্‌ঘাটিত করে দাও তা আমরা কল্পনাও করতে পারি না। আজ আমাদের যা কিছু আছে সমস্তই পণ করে ভূমার পথে নিখিলমানবের বিজয়যাত্রায় যেন সম্পূর্ণ নির্ভয়ে যোগদান করতে পারি।

— শ্রীমতী সুতপা রায়চৌধুরী

---

## রামানন্দ চট্টোপাধ্যায়

২৪০ বছর আগে সমাজ সংস্কারক বিশ্বপথিক রামমোহন রায়ের জন্ম। সংবাদপত্রের স্বাধীনতা অক্ষুন্ন রাখতে যাঁর কলম গর্জে উঠেছিল শানিত তরবারীর মতো। শুধু তাই নয় প্রতিবাদ স্বরূপ তিনি তাঁর প্রকাশিত বাংলা পত্রিকার প্রকাশ বন্ধ করে দেন। এই প্রতিবাদের পর সংবাদপত্রের স্বাধীনতার পথ মুক্ত হয়েছিল।

এর অনেক দিন পর ১৮৬৫ খৃষ্টাব্দের ৩০শে মে জন্মগ্রহণ করেন রামানন্দ চট্টোপাধ্যায়। যাঁকে Father of Indian Journalism বলে ভারতবাসী মান্য করেন। শ্রীনাথ চট্টোপাধ্যায়ের তিনি তৃতীয় পুত্র। ১৮৮৮ খৃষ্টাব্দে সম্পাদক হেরম্বচন্দ্র মৈত্রের প্রস্তাবে সাধারণ ব্রাহ্ম সমাজের মুখপত্র The India Messenger-এর সহ-সম্পাদক নিযুক্ত হন। ভবিষ্যৎ সাংবাদিক রামানন্দ চট্টোপাধ্যায়ের পথ চলা শুরু হোলো। ১৮৯৩ সালে আচার্য জগদীশ চন্দ্র বসুর সঙ্গে তিনি প্রতিষ্ঠিত করেন শিশুদের জন্য মাসিক-পত্র "শিশু" — সম্পাদনা করেন শিবনাথ শাস্ত্রী। রামানন্দ চট্টোপাধ্যায়ের পরিপূর্ণ সাংবাদিকতার শুরু "দাসী" পত্রিকার সম্পাদনার মাধ্যমে। শিক্ষক হেরম্বচন্দ্র মৈত্রের নির্দেশে সিটি কলেজের প্রকাশিত এই পত্রিকার তিনি সম্পাদনা করেন। ১৮৯৫ সালে রবীন্দ্রনাথের পত্রিকা "সাধনার" প্রকাশ বন্ধ হয়, আর রামচন্দ্র চট্টোপাধ্যায় "দাসী" পত্রিকার সম্পাদনা থেকে অব্যাহতি নেন ১৮৯৬ সালে। রামানন্দ বিকল্প হিসাবে "প্রদীপ" নামে একটি মাসিক পত্র প্রকাশ করতে শুরু করেন। এই সময়েই এলাহাবাদের কায়স্থ সমাজের উর্দু ভাষায় প্রকাশিত "কায়স্থ সমাচার" পত্রিকার একটি ইংরাজী সংস্করণ প্রকাশের জন্য কালী প্রসাদ কুলভাস্কর তাঁকে অনুরোধ করেন। রামানন্দ এই প্রস্তাবে সম্মত হয়ে "কায়স্থ সমাচার" পত্রিকার ইংরাজী সংস্করণটি সম্পাদনা শুরু করেন। রামানন্দের নিরলস প্রচেষ্টায় ও ক্ষমতায় এই পত্রিকাটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। এরপর রামানন্দের সম্পাদনায় ১৯০১ সাল থেকে প্রকাশিত হয় "প্রবাসী" পত্রিকা। সারাজীবন ধরে রামানন্দ একজন জাতীয়তাবাদীর পূজারী ছিলেন। Modern Review পত্রিকা যখন তিনি প্রকাশ করতে থাকেন, কোনো নির্দিষ্ট রাজনৈতিক মতবাদ তিনি প্রকাশ করেননি। Independent Journal of Opinion প্রবন্ধে তিনি লেখেন – The Morern Review, while being broadly nationalistic, did not hold a brief for any political party. The first feature meant that it could act as a genuinely all India forum, second that it stood apart from party journals concurrently run by the Congress, that Communists, the Muslim League, the Hindu Mahasabha

and the Scheduled Caste Federation. In both respects, it had only one real competitor, the Indian Social Reformer. রামানন্দ সাংবাদিকতার সুবাদে বিভিন্ন ক্ষেত্রের প্রতিষ্ঠিত মনীষীদের সঙ্গে যোগাযোগ রেখে চলতেন। "প্রদীপ" পত্রিকার সম্পাদনার সময়ে আচার্য জগদীশ চন্দ্র বসু, সর্দার দয়াল সিং, আচার্য প্রফুল্ল চন্দ্র রায়, স্যার সৈয়দ আহমেদ ইত্যাদির সঙ্গে তাঁর ঘনিষ্ঠ যোগাযোগ ছিল। আবার রোমা রোলার সঙ্গে তাঁর ছিল ব্যক্তিগত বন্ধুত্ব। স্পেন যখন স্বাধীনতার জন্য লড়ছে সেই সময়ে স্পেনের রাজধানী মাদ্রিদে ভয়াবহ বোমাবর্ষণ হয় ও বহু মানুষের মৃত্যু হয়। রোমা রোলা এই সময়ে রামানন্দকে একটি প্রতিবেদন পাঠান। রামানন্দ ১৯৩৭ সালের জানুয়ারী মাসে Modern Review পত্রিকায় এই প্রতিবেদনটি প্রকাশ করেন এবং প্রতিবেদনের শেষে মন্তব্য করেন — We grieve that we are helpless and can do nothing more for Spain than express sympathy.

Modern Review পত্রিকায় রামানন্দ চট্টোপাধ্যায়ের অনুরোধে গীতাঞ্জলির ইংরাজী অনুবাদ রবীন্দ্রনাথ প্রথম প্রকাশ করেন। পরে রবীন্দ্রনাথ ১৯২৮ সালে তাঁর সমস্ত লেখার হিন্দী অনুবাদের সত্ব রামানন্দকে দেন। ভাবী সাংবাদিকদের উদ্দেশে রামানন্দ বলেছেন — Always remember, the report you are filing is not your story but the stroy of the person/subject you have written.

— শ্রীঅনিরুদ্ধ রক্ষিত

---

## —ঃ স্মরণিকা ঃ—

### মরণ সাগর পারে তোমরা অমর তোমাদের স্মরি

| | | |
|---|---|---|
| ১৬ই জুন (১৯২৫) | — | দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের ৮৭-তম তিরোধান দিবস। |
| ১৬ই জুন (১৯৪৪) | — | আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের ৬৮-তম তিরোধান দিবস। |
| ২৪শে জুন (১৮৫৩) | — | পদ্মপুকুর ব্রাহ্মসমাজের ১৫৯-তম প্রতিষ্ঠা দিবস (৭ই আষাঢ় ১২৬০)। |
| ২৬শে জুন (১৮৩৮) | — | সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ১৭৪-তম জন্মদিবস। |
| ২৮শে জুন (১৯৩৩) | — | ভক্তসাধক মন্মথমোহন দাসের ৭৯-তম তিরোধান দিবস। |

---

## —ঃ ২০১২ জুন মাসের সাপ্তাহিক উপাসনা ও স্মরণ ঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| রবিবার ৩রা জুন, ২০১২ | — | আচার্য | - | ডাঃ শুচিতা দেব |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - | শ্রীমতী রুবী মজুমদার |
| রবিবার ১০ই জুন, ২০১২ | — | আচার্য | - | শ্রীসিদ্ধার্থ ব্রহ্মচারী |
| সন্ধ্যা ৬-৩০ টা | | স্মরণ | - | দেশবন্ধু চিত্তরঞ্জন দাস ও আচার্য প্রফুল্লচন্দ্র রায় |
| | | সঙ্গীত | - | ব্রাহ্ম যুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী |
| রবিবার ১৭ই জুন, ২০১২ | — | আচার্য | - | শ্রীমতী সুনন্দিতা সেনগুপ্ত |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - | শ্রীমতী কমলিকা বন্দ্যোপাধ্যায় ও শ্রীঅরীন্দ্রজিৎ সাহা |
| রবিবার ২৪শে জুন, ২০১২ | — | আচার্য | - | শ্রীমতী সুতপা রায়চৌধুরী |
| সন্ধ্যা ৬-৩০ টা | | স্মরণ | - | সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় |
| | | সঙ্গীত | - | শ্রীমতী রেবেকা রক্ষিত ও শ্রীঅনিরুদ্ধ রক্ষিত |

আপনাদের সাদর আমন্ত্রণ জানাই।

## —ঃ ২০১২ জুলাই মাসের সাপ্তাহিক উপাসনার আংশিক কার্যসূচী ঃ—

| | | | | |
|---|---|---|---|---|
| রবিবার ১লা জুলাই ২০১২ | — | আচার্য | - | শ্রীমতী সুনন্দা চ্যাটার্জী |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - | শ্রীমতী মানসী চ্যাটার্জী |
| রবিবার ৮ই জুলাই ২০১২ | — | আচার্য | - | ডঃ অমিতাভ খাস্তগীর |
| সন্ধ্যা ৬-৩০ টা | | সঙ্গীত | - | ব্রাহ্ম যুব ও ভক্তজন ও সমবেত ভক্তমণ্ডলী |

**আপনাদের সাদর আমন্ত্রণ জানাই।**

## —।। শোকসংবাদ ।।—

বিগত ২৪শে মে ২০১২ বৃহস্পতিবার সকাল ৭টা ৪৫মিঃ প্রয়াত প্রফুল্ল চন্দ্র রায় ও প্রয়াতা অমিয়া রায়ের মধ্যম পুত্র, প্রয়াতা শিরীন রায়ের স্বামী, শ্রীপ্রশান্ত রায়, শ্রীপ্রেমাংশু রায় ও শ্রীমতী পুষ্পিতা দাসের পিতা, সাধারণ ব্রাহ্ম সমাজের সভাপতি শ্রীপ্রসূন কুমার রায় ৮২ বছর বয়সে কলকাতায় পরলোকগমন করেন। ব্রাহ্ম সমাজের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে তিনি গুরুত্বপূর্ণ পদে আসীন ছিলেন। হেবম্ব চন্দ্র কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান, সিটি কলেজ (সাউথ) - এর রেক্টর, ব্রা সমাজ এডুকেশন সোসাইটির পরিচালন সমিটির সদস্য, ব্রাহ্ম বালিকা শিক্ষালয়, ব্রাহ্ম প্রাইমারী টিচার্স ট্রেনিং ইন্‌স্টিটিউট এবং ব্রাহ্মসমাজ বাল্যভবনের তিনি সভাপতি ছিলেন। কলকাতয় আসার পূর্বে দিল্লীতে থাকার সময় তিনি দিল্লী ব্রাহ্ম সমাজের সম্পাদক ছিলেন। তাঁর মৃত্যুতে সমাজ সেবা ও শিক্ষার ক্ষেত্রে এক অপরিসীম শূণ্যতার সৃষ্টি হল।

## —ঃ পারিবারিক / অন্যান্য অনুষ্ঠান ঃ—

**জন্মোৎসব সমারোহ ঃ**

বিগত (মে ২০১২) মাসের রবিবাসরীয় সাপ্তাহিক উপাসনায় অনুষ্ঠান সূচী অনুযায়ী সত্যজিৎ রায়, লেঃ কঃ ডাঃ মনীন্দ্রনাথ দাস, রবীন্দ্রনাথ ঠাকুর, উপেন্দ্রকিশোর রায় চৌধুরী, মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর, রাজর্ষি রামমোহন রায় ও রামানন্দ চট্টোপাধ্যায় ও কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালিত হয়।

বিগত ৬ই মে ২০১২ রবিবার সন্ধ্যায় সত্যজিৎ রায়ের ৯১ তম জন্ম দিবস (২রা মে) ও লেঃ কঃ ডাঃ মনীন্দ্রনাথ দাসের ১২৫ তম জন্মদিবস (৭ই মে) এবং রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫১ তম জন্মোৎসব উপলক্ষে বিশেষ উপাসনায় শ্রদ্ধাঞ্জলী নিবেদন করেন ডঃ অমিতাভ খাস্তগীর ও সঙ্গীত পরিবেশন করেন শ্রীঅভিজিৎ দাস ও সহশিল্পীগণ।

বিগত ১৩ই মে ২০১২ রবিবার সন্ধ্যায় মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের ১৯৫ তম জন্মদিবস (৩রা জ্যৈষ্ঠ) এবং উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর ১৪৯ তম জন্মদিবস (১২ই মে) উপলক্ষে বিশেষ উপাসনার আয়োজন করা হয়। আচার্যের কাজ পালন করেন শ্রীসঞ্জীব মুখার্জি এবং সঙ্গীত পরিবেশন করেন সর্বশ্রী/শ্রীমতী মৃদুলা ব্যানার্জী, শ্যামলী সেনগুপ্ত, অরুন্ধতী ভট্টাচার্য, মধুশ্রী ব্যনার্জী, সুস্মিতা নাথ, অনুরমা ভট্টাচার্য, অঞ্জনা গুহ, চন্দ্রা গুপ্ত, মনিদীপা ভট্টাচার্য, কস্তুরী চক্রবর্ত্তী, রীতা চক্রবর্ত্তী, সুহিতা ভট্টাচার্য, উদিতা রায়, শ্রীচন্দ্রা ব্যানার্জী, ইভা মুখার্জী, লক্ষ্মী খাস্তগীর, সম্রাট গুপ্ত, উজ্জ্বল ব্যানার্জী, অবন সাহা, মলয় দাস, ঐ দিন অধ্যাপক সুকুমার মিত্রকে বিশেষভাবে স্মরণ করা হয়।

**রাজা রামমোহন রায়ের জন্মোৎসব ঃ**

বিগত ২০শে মে ২০১২ রবিবার সন্ধ্যায় রাজা রামমোহন রায়ের ২৪০ তম জন্মদিবস উপলক্ষে বিশেষ অনুষ্ঠানে প্রার্থনা করেন শ্রীমতী সুনন্দা চ্যাটার্জী এবং সঙ্গীত পরিবেশন করেন শ্রীমতী কমলিকা বন্দ্যোপাধ্যায় ও শ্রীঅরীন্দ্রজিৎ সাহা। রাজা রামমোহন বিষয়ক বক্তৃতা প্রদান করেন শ্রীসুরজিৎ দাসগুপ্ত।

বিগত ২২শে মে ২০১২ রবিবার সকাল ৮-৩০টায় ময়দানে অবস্থিত রাজা রামমোহন রায়ের মূর্তির পাদদেশে অনুষ্ঠিত তাঁর ২৪০ তম জন্মোৎসব উপলক্ষে রাজ্যসরকার ও ব্রাহ্মসমাজের পক্ষ থেকে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা

বিগত ২২শে মে ২০১২ রবিবার সকাল ৮-৩০টায় ময়দানে অবস্থিত রাজা রামমোহন রায়ের মূর্তির পাদদেশে অনুষ্ঠিত তাঁর ২৪০ তম জন্মোৎসব উপলক্ষে রাজ্যসরকার ও ব্রাহ্মসমাজের পক্ষ থেকে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন ডঃ মধুশ্রী ঘোষ এবং সঙ্গীত পরিবেশন করেন ব্রাহ্ম বালিকা শিক্ষালয়ের ছাত্রীবৃন্দ। কলকাতা পৌরসভার উপপ্রধান শ্রীমতী ফরজানা আলম রামমোহন রায়ের মূর্তির পাদদেশে পুষ্পার্ঘ প্রদান করে শ্রদ্ধা নিবেদন করেন। রাজ্য সরকার, ব্রাহ্ম সম্মিলন সমাজ, সাধারণ ব্রাহ্ম সমাজ ও তার বিভিন্ন কলেজ ও সমিতির পক্ষ থেকে পুষ্পার্ঘ প্রদান করা হয়। অনুষ্ঠানে আশানুরূপ জনসমাগম হয়।

বিগত ২৭শে মে ২০১২ রবিবার সন্ধ্যায় সমাজ মন্দিরে কাজী নজরুল ইসলামের ১১৩ তম জন্মদিবস (২৩শে মে) ও রামানন্দ চট্টোপাধ্যায়ের ১৮৭ তম জন্মদিবস (৩০শে মে) উপলক্ষে বিশেষ উপাসনায় শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন শ্রীঅনিরুদ্ধ রক্ষিত ও সঙ্গীত পরিবেশন করেন শ্রীমতী সুনন্দিতা সেনগুপ্ত ও শ্রীগৌতম সেনগুপ্ত।

**সঙ্গতসভা ঃ**

বিগত ১৩ই মে ২০১২ রবিবার অপরাহ্ন ৫টায় ব্রাহ্ম সম্মিলন সমাজের সভাকক্ষে শ্রীসঞ্জীব মুখার্জির পরিচালনায় সঙ্গত সভা অনুষ্ঠিত হয়।

**স্মরণ-সভা ঃ**

শ্রীমতী রাধা সিংহ বিগত ২০শে মে ২০১২ রবিবার প্রাতে অকল্যাণ্ড স্কোয়ারের সন্নিকটে শালিমার অ্যাপার্টমেন্ট ভবনে তাঁর মাতা শ্রীমতী চিত্রা দাস (প্রয়াণ - ৩১/০৩/১২) ও তাঁর স্বামী শ্রীসঞ্জীৎ সিংহ (প্রয়াণ ০৪/০৫/১১) র স্মরণ সভার আয়োজন করেন। তাঁর মাতা ও স্বামীর দেহাবসান হয় যথাক্রমে হায়দ্রাবাদ ও চণ্ডীগড়ে। স্মরণ সভায় আচার্যের দায়িত্ব পালন করেন শ্রীমতী সুনন্দা দাস। সঙ্গীতে অংশগ্রহণ করেন সর্বশ্রী/শ্রীমতী দিয়া সেন, চন্দ্রা গুপ্ত, শুক্লা দাসগুপ্ত, শুভ্র সেন, মনোজিৎ দে এবং অভিজিৎ দেব। স্মৃতিচারণ করেন শ্রীমতী শুক্লা দাসগুপ্ত এবং প্রয়াত সঞ্জীৎ সিংহর ভাগিনেয়ীর লিখিত স্মৃতিচারণটি পাঠ করেন তাঁর ভাগিনেয়। ভাবগম্ভীর পরিবেশে অনুষ্ঠানটি সমাপ্ত হয়।

**বিবাহ এবং রিসেপশন অনুষ্ঠান ঃ**

বিগত ১৪ই মে ২০১২ সন্ধ্যা ৭টায় সতীশ মেমোরিয়াল হলে স্বর্গীয় শঙ্কর প্রসাদ বন্দ্যোপাধ্যায় ও শ্রীমতী দীপালী বন্দ্যোপাধ্যায়ের পুত্র শ্রীসুব্রত বন্দ্যোপাধ্যায়ের সহিত শ্রীকালীপদ বিশ্বাস ও শ্রীমতী সন্ধ্যা বিশ্বাসের কন্যা শ্রীমতী জুলিয়ার শুভবিবাহ সম্পন্ন হয়। এই অনুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীসঞ্জীব মুখার্জি ও সঙ্গীত পরিবেশন করেন শ্রীপার্থ বসু।

বিগত ১৮ই জানুয়ারী ২০১২ পুনায় শ্রীসঞ্জীব মুখার্জি ও শ্রীমতী পূর্ণা মুখার্জির একমাত্রপুত্র শ্রীমান সম্মিত্রের সহিত আসাম নিবাসী শ্রীমতিলাল দে ও শ্রীমতী রেখা রাণী দের তৃতীয় কন্যা শ্রীমতী প্রীতির শুভবিবাহ অনুষ্ঠান সম্পন্ন হয়। এই শুভ অনুষ্ঠানে আচার্যের কাজ পালন করেন শ্রীসঞ্জীব মুখার্জি ও সঙ্গীতে অংশ গ্রহণ করেন শ্রীমতী শ্রেয়া মজুমদার, শ্রীমতী সুনন্দা মজুমদার ও শ্রীমতী পূর্ণা মুখার্জি। এই উপলক্ষে নবদম্পতির মঙ্গলের জন্য গত ২৮শে এপ্রিল ২০১২ ব্রাহ্ম সম্মিলন সমাজে সন্ধ্যা ৬টায় এক প্রার্থনা সভার আয়োজন করা হয়। আচার্যের কাজ পালন করেন শ্রীসঞ্জীব মুখার্জি ও সঙ্গীতে অংশ গ্রহণ করেন শ্রীপার্থ বসু ও শ্রীমতী প্রণমা রায়। এই দিন অতিথি অভ্যাগতগণ নব-দম্পতিকে আশীর্বাদ করেন।

**ভ্রমসংশোধন ঃ**

বিগত মে ২০১২ সম্মিলন বার্তায় শোক সংবাদ বিভাগে প্রয়াতা চিত্রা দাসের পুত্রের নাম ভ্রমক্রমে শ্রীশিলাদিত্য দাসের স্থলে শ্রীশিবাদিত্য দাস মুদ্রিত হয়েছে। এই ভ্রমের জন্য আমরা দুঃখিত।

---

**—ঃ কৃতজ্ঞতা স্বীকার ঃ—**

দাতব্য হোমিও চিকিৎসালয় ফণ্ড ঃ শ্রীসঞ্জীব মল্লিক — ৪০০ টাকা (র/নং ২১৯); শ্রীমতী শ্রীলতা গুপ্ত — ১০০০ টাকা (র/নং ২২১); শ্রীমতী মালবিকা দাসগুপ্ত — ৫০০ টাকা (র/নং ২২২); শ্রীমতী মমতা ব্যানার্জী — ২৫০ টাকা (র/নং ২২৩); শ্রীসুরজিৎ দেব — ১০০ টাকা (র/নং ২২৪)।

**ওয়েলফেয়ার ফণ্ড ঃ** শ্রীসঞ্জীব মুখার্জি (পুত্রের বিবাহের রিসেপশন অনুষ্ঠান উপলক্ষে) — ১৫০ টাকা (র/নং ২৭৫৯)।

**মেমোরিয়াল বিল্ডিং রিপেয়ার ফণ্ড ঃ** বিগত ১৯শে আগষ্ট ২০১০ সালে ব্রাহ্ম সম্মিলন সমাজের শুভানুধ্যায়ী স্বর্গীয় আশোক বীর কলকাতায় পরলোকগমন করেন। তাঁর পূণ্য স্মৃতিতে তার সহধর্মিনী শ্রীমতী জীবন বীর ব্রাহ্ম সম্মিলন সমাজের Memorial Building Fund এ — ১০,০০০ টাকা (র/নং ২৭৬০) দান করেন; শ্রীসঞ্জীব মুখার্জি ও শ্রীমতী পূর্ণা মুখার্জী (পুত্র শ্রীমান সন্মিত্রর সহিত শ্রীমতী প্রীতির শুভবিবাহের রিসেপশন (ব্রাহ্ম সম্মিলন সমাজ মন্দিরে অনুষ্ঠিত) উপলক্ষে — ৫০০০ টাকা (র/নং ২৭৬২)

**নৈশ বিদ্যালয় ফণ্ড ঃ** শ্রীমতী মমতা ব্যানার্জী — ২৫০ টাকা (র/নং ২১৭)।

---

### FOLLOWING IS A COMPREHENSIVE LIST FOR DONATIONS IN DIFFERENT FUNDS OF BRAHMO SAMMILAN SAMAJ

| <u>Name of the Funds</u> | <u>Cheques to be drawn in the name of</u> |
|---|---|
| 1. Bhowanipur Charitable Homoepathic Hospital | Bhowanipur Charitable Homoepathic Hospital Fund |
| 2. Brahmo Sammilan Samaj School | Brahmo Sammilan Samaj School Fund |
| 3. Brahmo Sammilan Samaj Memorial Building | Brahmo Sammilan Samaj Memorial Building Fund |
| 4 Members' Own Subscription (for life time Subscription) | Brahmo Sammilan Samaj MOS FUND |
| 5. New Trust Fund | Brahmo Sammilan Samaj |
| 6. General | |
| a) Donation other than the above purposes | Brahmo Sammilan Samaj |
| b) For Additions to Existing Trust Funds | Brahmo Sammilan Samaj |
| c) Members' Annual Subscription | Brahmo Sammilan Samaj |

Trust Funds are generally created for the following purposes :

Bhowanipur Charitable Homoeopathic Hospital
Benefit of Samaj & Public
Brahmo Sammilan Samaj Memorial Building Repair and Maintenance
Brahmo Conference
Community Development Centre and Night School
Deserving Cause at the Discretion of GB
Maghotsav Corpus Fund, Nabanna Utsav, Balok Ballika Sammelan, etc.
Education of Indigent Brahmo Students
Education of Indigent Students
Indigent Persons / Children
Indigent Brahmo Family
Medical Treatment of Indigent Persons
Training, Educatioin & Welfare of Acharyas

---

**Brahmo Sammilan Barta will be available on Samaj Website.**

**Look out for Samaj site : www.thebrahmosamaj.org/samajes/sammilan.html**

লেখক-লেখিকার নিজস্ব মতামতের জন্য সমাজ ও সম্পাদক-মণ্ডলী কোনক্রমে দায়ী নহেন।

Printed and Published by Sri Prabir Ranjan Das Gupta on behalf of Brahmo Sammilan Samaj, Published from 1A, Dr Rajendra Road, Kolkata-700 020 and Printed at Bhowanipur Art Press, 80, Ashutosh Mukherjee Road, Kolkata-700 025. Editor : Dr. Madhusree Ghosh.